

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৮  
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১৩২.০২৯.১৯.১৮-৫৪০

২৩ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ  
তারিখ-  
০৮ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ- ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন পরিকল্পনা-২০২১ প্রণয়ন কর্মশালা সমন্বয়করণ ও সমাপনী অনুষ্ঠানে অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৫৩টি মন্ত্রণালয়/বিভাগ এবং তার আওতাধীন ৩৯৪টি অধিদপ্তর/সংস্থার ১৭৯২ জন অংশগ্রহণকারী সরকারী কর্মকর্তা, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব মহোদয়, সম্মানিত দপ্তর প্রধানগণ, ডিজিটাল সার্ভিস এক্সিলারেটর টিম, এটুআই ও প্রশিক্ষিত আইটি রিসোর্স পারসনের সহযোগিতায় ২/৩ দিন ব্যাপী ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন পরিকল্পনা কর্মশালার মাধ্যমে ২০২১ সাল পর্যন্ত ১৯৭৬টি ডিজিটাল সার্ভিস (মোবাইল-সার্ভিস/ডিজিটাল সিস্টেম) এর বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় আগামী ৯ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ তারিখ মঙ্গলবার সন্ধ্যা ০৬:৩০ ঘটিকা থেকে রাত ০৯:০০ ঘটিকা পর্যন্ত অফিসার্স ক্লাব, মিন্টু রোড, ঢাকার মিলনায়তনে “ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন পরিকল্পনা-২০২১ প্রণয়ন কর্মশালার সমন্বয়করণ ও সমাপনী অনুষ্ঠানের দিন ধার্য করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোস্তফা জব্বার এবং বিশেষ অতিথি হিসাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি, মন্ত্রিপরিষদ বিভাগের মাননীয় মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ শফিউল আলম, মন্ত্রিপরিষদ বিভাগের মাননীয় সচিব (সমন্বয় ও সংস্কার) জনাব এন এম জিয়াউল আলম উপস্থিত থাকবেন।

অতএব, আগামী ৯ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ তারিখ মঙ্গলবার সন্ধ্যা ০৬:৩০ ঘটিকা থেকে রাত ০৯:০০ ঘটিকা পর্যন্ত অফিসার্স ক্লাব, মিন্টু রোড, ঢাকার মিলনায়তনে অনুষ্ঠিতব্য “ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন পরিকল্পনা-২০২১ প্রণয়ন কর্মশালার সমন্বয়করণ ও সমাপনী অনুষ্ঠানের অংশগ্রহণের জন্য এ বিভাগের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার প্রধানগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ মোস্তাফিজুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫১৫২২২  
ই-মেইল: section8.justice@gmail.com

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ-

- ১। মহা-পরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
- ৩। পরিচালক, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
- ৪। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
- ৫। সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, ঢাকা।
- ৬। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।

জ্ঞাতার্থেঃ-

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ২। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।